



# কারিগরি শিক্ষার্থীদের 'ফিলস কম্পিউটিশন'-এর আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত

প্রকাশ : ২৫ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

## বাসস

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত 'ফিলস কম্পিউটিশন ২০১৮' এর আঞ্চলিক পর্ব গতকাল শনিবার দেশব্যাপী ১৩টি অঞ্চলে একযোগে অনুষ্ঠিত হয়েছে। সরকার, বিশ্বব্যাংক এবং কানাডার আর্থিক সহায়তায় শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'ফিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যাঙ্মেন্ট প্রজেক্ট (এসটিইপি)'র উদ্যোগে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

প্রতিযোগিতায় ১৬৭টি সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনসিটিউটের ৪৫১টি উদ্ভাবন বা প্রকল্প মূল্যায়নের জন্য উপস্থাপন করা হয়। এই উদ্ভাবন বা প্রকল্পগুলো প্রতিষ্ঠান পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে নির্বাচিত হয়।

প্রতিটি অঞ্চলে শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, এসটিইপি, প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, ছাত্র বা ছাত্রী, অভিভাবক, স্থানীয় প্রশাসন, গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিল্প-কারখানার মালিক, প্রতিনিধি ও গণমাধ্যম ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।

দেশ, সময় ও বর্তমান বাজারের চাহিদার প্রেক্ষিত বিবেচনায় রেখে মেধা, মনন, উদ্ভাবন ও সৃজনশীলতার ভিত্তিতে প্রত্যেক অঞ্চল থেকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যার ভিত্তিতে সেরা তিন বা চার বা পাঁচটি করে মোট ৫২টি উদ্ভাবন বা প্রকল্প নির্বাচন করা হয় পরবর্তী পর্ব তথা চূড়ান্ত পর্বের জন্য। চূড়ান্ত পর্ব আগামী বছরের এপ্রিল মাসে ঢাকায় অনুষ্ঠিত হবে।

---

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

---

